# GEOGRAPHY-2026

## SEMESTER-III

**1. নিম্নের স্তম্ভ দুটি মিলিয়ে সঠিক বিকল্প নির্বাচন করো :**

**<u>A-স্তম্ভ. B-স্তম্ভ</u>**
(i) পচাপাতা→ লার্ভা→ ছোটমাছ → বড়মাছ. (a) পরজীবী
(ii) ঘাস ঘাসফড়িং → ব্যাঙ→ সাপ → বাজপাখি (b) গ্রেজিং বা চারণভূমি
(iii) কুকুর →কৃমি→ বিয়োজক (c) জলাভূমি
(iv) উদ্ভিদ →হরিণ (d) শিকারি

(A) (i)-(c), (ii)-(d), (iii)-(b), (iv)-(a)
(B) (i)-(c), (ii)-(d), (iii)-(a), (iv)-(b)
(C) (i)-(b), (ii)-(a), (iii)-(d), (iv)-(c)
(D) (i)-(d), (ii)-(c), (iii)-(b), (iv)-(a)

**Ans:(B) (i)-(c), (ii)-(d), (iii)-(a), (iv)-(b)**

**2.কার্স্ট অঞ্চলে চুনাপাথরের অদ্রাব্য দ্রবণ কার্যে গঠিত লাল বর্ণের কর্দম নিম্নলিখিত যে নামে পরিচিত তা হলো-**
(A) টেরা রোসা
(B) লোহিত মৃত্তিকা
(D) ল্যাপিস
(C) ল্যাটেরাইট

**Ans:(A) টেরা রোসা**

**3.বিবৃতিগুলি পড়ে সত্য / মিথ্যা উল্লেখ করো:**

**বিবৃতিসমূহ :** (i) প্রশান্ত মহাসাগর পৃথিবীপৃষ্ঠের 3 ভাগের মধ্যে 1 ভাগ অপেক্ষা বেশি স্থান জুড়ে অবস্থান করছে
ii) সমুদ্রস্রোত, সমুদ্রতলের ভূপ্রকৃতির আলোচনা করা হয় সমুদ্র বিজ্ঞানে
(iii) ফার্দিনান্দ ম্যগেলানকে সমুদ্র বিজ্ঞানের প্রতিষ্ঠাতা বলা হয়
(iv) দক্ষিণ গোলার্ধ অপেক্ষা উত্তর গোলার্ধে জলভাগের পরিমাণ বেশি
(A) (i) – সত্য, (ii) – মিথ্যা, (iii) – সত্য, (iv) – মিথ্যা
(B) (i) – মিথ্যা, (ii) – সত্য, (iii) – মিথ্যা, (iv) -সত্য
(C) (i) – সত্য, (ii) – সত্য, (iii)- মিথ্যা, (iv) – মিথ্যা
(D) (i) – মিথ্যা, (ii) – মিথ্যা, (iii) – সত্য, (iv) – সত্য

**Ans:(C) (i) – সত্য, (ii) – সত্য, (iii)- মিথ্যা, (iv) – মিথ্যা**

**4.নিরক্ষীয় বৃষ্টি অরণ্য অঞ্চলের অত্যধিক উষ্ণ ও আর্দ্র পরিবেশে বসবাসকারী অধিবাসী-**
(A) বান্টু
(B)বেদুইন
(C) ল্যাপ
(D)মঙ্গোল

**Ans:(A) বান্টু**

**5.স্থূল জন্মহার (CBR) হলো-**

(A) এক বছরে জন্মগ্রহণকারী মোট শিশুর সংখ্যা / বছরের মধ্যবর্তী সময়ের জনসংখ্যা × 100
(B) এক বছরে জন্মগ্রহণকারী মোট শিশুর সংখ্যা / বছরের মধ্যবর্তী সময়ের জনসংখ্যা × 1000
(C) এক বছরে জন্মগ্রহণকারী মোট শিশুর সংখ্যা / মোট জনসংখ্যার অর্ধেক× 100
(D) এক বছরে জন্মগ্রহণকারী মোট শিশুর সংখ্যা / মোট জনসংখ্যা

**Ans:(B) এক বছরে জন্মগ্রহণকারী মোট শিশুর সংখ্যা / বছরের মধ্যবর্তী সময়ের জনসংখ্যা × 1000**

**6.বন্যাপ্রবণ অঞ্চলে উচ্চ স্থানে গড়ে ওঠা বসতিকে বলা হয়-**
(A) আর্দ্র বিন্দু বসতি
(B) শুষ্ক বিন্দু বসতি
(C) রৈখিক বসতি
(D) গোষ্ঠীবদ্ধ বসতি

**Ans:(B) শুষ্ক বিন্দু বসতি**

**7.নিম্নে অঙ্কিত বসতিটি কোন্ ধরনের বসতি উল্লেখ করো :**




(A)গোষ্ঠীবদ্ধ বসতি
(B)বিক্ষিপ্ত বসতি
(C) তারকাকৃতি বসতি
(D)রৈখিক বসতি

**Ans:(D)রৈখিক বসতি**

**8.ভারতের বৃহত্তম তৈল শোধনাগারটি অবস্থিত হলো--**
(A) ডিগবয়, আসাম
(B)হলদিয়া, পশ্চিমবঙ্গ
(C) জামনগর, গুজরাট
(D) ট্রম্বে, মহারাষ্ট্র


**Ans:(C) জামনগর, গুজরাট**

**9.অবরোহণ ও আরোহণ প্রক্রিয়ার সম্মিলিত ফল হলো-**

(A)ক্ষয়ীভবন
(B)পর্যায়ন
(C) আবহবিকার
(D)পুঞ্জিত ক্ষয়

**Ans:(B)পর্যায়ন**

**10.নিম্নোক্ত প্লাটফর্মগুলি নিম্নের কোন্ মাধ্যমটির সাথে সম্পর্কিত?**




(A) ইনস্ট্যান্ট মেসেজিং
(B) ভিডিও কনফারেনসিং
(C) টেলি কনফারেনসিং
(D) উপগ্রহ যোগাযোগ

**Ans:(B) ভিডিও কনফারেনসিং**

**11.নিম্নলিখিত কোন্ বিবৃতিটি খাদ্যশৃঙ্খলের ক্ষেত্রে প্রযোজ্য নয়?**

(A) খাদ্যশৃঙ্খলে শক্তির প্রবাহ সর্বদা চক্রাকার
(B) খাদ্যশৃঙ্খলে শক্তি প্রবাহের দশ শতাংশের নীতি অনুসরণ করে শক্তির স্থানান্তর হয়
(C) খাদ্যশৃঙ্খলে সর্বনিম্ন স্তর থেকে সর্বোচ্চ স্তরগুলিতে জীবের সংখ্যা ও শক্তির পরিমাণ ক্রমশ হ্রাস পেতে থাকে
(D) খাদ্যশৃঙ্খলে প্রজাতির সংখ্যা তুলনামূলকভাবে কম থাকে

**Ans:(A) খাদ্যশৃঙ্খলে শক্তির প্রবাহ সর্বদা চক্রাকার**

**12.দক্ষিণ ভারতের তুলনায় উত্তর ভারতের সমভূমি অঞ্চলে নিত্যবহ খালের সংখ্যা বেশি হওয়ার কারণ হিসাবে নিম্নলিখিত কোন্টি প্রযোজ্য নয়?**
(A) উত্তর ভারতের নদীগুলিতে সারা বছর জল থাকে
(B) উত্তর ভারতের সমভূমির বেশিরভাগ জায়গায় ভূমিভাগ অপেক্ষাকৃত নরম শিলা দ্বারা গঠিত
(C) উত্তর ভারতের সমভূমিতে বহুমুখী নদী পরিকল্পনার অধীনে অনেক নদীতে সেচখাল খনন করা হয়েছে
D) উত্তর ভারতের সমভূমি অঞ্চলে কূপ নলকূপ ও জলাশয় পদ্ধতিতে সেচ ব্যবস্থা গড়ে তোলা ব্যয়সাপেক্ষ ও কষ্টসাধ্য

**Ans:(D) উত্তর ভারতের সমভূমি অঞ্চলে কূপ নলকূপ ও জলাশয় পদ্ধতিতে সেচ ব্যবস্থা গড়ে তোলা ব্যয়সাপেক্ষ ও কষ্টসাধ্য**

**13.নদী মোহনায় নিম্নলিখিত কোন্ ধরনের বাস্তুতন্ত্র লক্ষ্য করা যায়?**
(A) খাঁড়ি/Estuarine বাস্তুতন্ত্র
(B) নদী বাস্তুতন্ত্র
(C) সামুদ্রিক বাস্তুতন্ত্র
(D) হ্রদ বাস্তুতন্ত্র

**Ans:(A) খাঁড়ি/Estuarine বাস্তুতন্ত্র**

**14.পৃথিবীর সর্বাধিক লবণাক্ত হ্রদ হলো-**

(A)কাস্পিয়ান সাগর
(B)ভ্যান হ্রদ
(C) চিল্কা হ্রদ
(D)ওনেগা হ্রদ

**Ans:(B)ভ্যান হ্রদ**

**15.পরিব্রাজনের আকর্ষণ শক্তি বা Pull factor নয় কোনটি?**
(A)লাভজনক পেশা ও উচ্চ আয়
(B) স্বাচ্ছন্দ্যপূর্ণ জীবন ও সামাজিক নিরাপত্তা
(C) সুচিকিৎসা ও স্বাস্থ্য পরিষেবা
(D) ধর্ম ও জাতিগত ভেদাভেদ

**Ans:(D) ধর্ম ও জাতিগত ভেদাভেদ**

**16.বামস্তম্ভের সাথে ডানস্তম্ভ মিলিয়ে সঠিক বিকল্প নির্বাচন করো :**

| **বামস্তম্ভ.** | **ডানস্তম্ভ** |
|---|---|
| (i) নিবিড় ঘনবসতিযুক্ত অঞ্চল | (a)ভেল্ড তৃণভূমি, দক্ষিণ আফ্রিকা |
| (ii) মধ্যম ঘনবসতিযুক্ত অঞ্চল | (b) কালাহারি মরুভূমি, মঙ্গোলিয়া |
| (iii) বিরল বসতিযুক্ত অঞ্চল | (c) কান্টো সমভূমি, জাপান |
| (iv) অতিবিরল বসতিযুক্ত অঞ্চল | (d)মারে ডালিং অববাহিকা, অস্ট্রেলিয়া |

(A) (i)-(c), (ii)-(d), (iii)-(b), (iv)-(a)
(B) (i)-(c), (ii)-(d), (iii)-(a), (iv)-(b)
(C) (i)-(d), (ii)-(c), (iii)-(a), (iv)-(b)
(D) (i)-(b), (ii)-(a), (iii)-(d), (iv)-(c)

**Ans:(B) (i)-(c), (ii)-(d), (iii)-(a), (iv)-(b)**

**17.তিন দিক থেকে তিনটি রাস্তা এসে একটি বিন্দুতে মিলিত হলে উক্ত স্থানে রাস্তা বরাবর ______ আকৃতির গ্রামীণ বসতি গড়ে ওঠে।**
(A)H
(B) V

(C) T
(D) Y

**Ans:(D) Y**

**18.জলবিভাজিকা ব্যবস্থাপনার মূল লক্ষ্য হলো-**
(A) জলসম্পদের অতিরিক্ত আহরণ
(B) জলাশয়, মৃত্তিকা এবং উদ্ভিদের সমন্বিত সংরক্ষণ
(C) শহরাঞ্চলের সম্প্রসারণ
(D) এক ফসলি চাষের উপর গুরুত্ব প্রদান

**Ans:(B) জলাশয়, মৃত্তিকা এবং উদ্ভিদের সমন্বিত সংরক্ষণ**

**19.বামস্তম্ভের সাথে ডানস্তম্ভ মিলিয়ে সঠিক বিকল্প নির্বাচন করো :**

| **বামস্তম্ভ** | **ডানস্তম্ভ** |
|---|---|
| (i)কৃষি পরিকল্পনা | (a)শস্য প্রগাঢ়তা |
| (ii) কৃষি জমির উর্বরতা বৃদ্ধি | (b)শস্য সমন্বয় |
| (iii)কৃষি কাজের পৌনঃপুনিকতা | (c)শস্য পঞ্জিকা |
| (iv)শস্যের প্রাধান্য | (d)শস্যাবর্তন |

(A) (i)-(b), (ii)-(d),(iii)-(a), (iv)-(c)
(B) (i)-(b), (ii)-(d),(iii)-(c), (iv)-(a)
(C) (i)-(d), (ii)-(c),(iii)-(b), (iv)-(a)
(D) (i)-(c), (ii)-(d), (iii)-(a), (iv)-(b)

**Ans:(D) (i)-(c), (ii)-(d), (iii)-(a), (iv)-(b)**

**20.ভৌম জলের ভাণ্ডার সৃষ্টির জন্য ভূগর্ভে----- শিলাস্তরের নীচে______শিলাস্তর থাকা অবশ্য প্রয়োজন।**

(A) সছিদ্র, প্রবেশ্য
(B) অপ্রবেশ্য, প্রবেশ্য
(C) প্রবেশ্য, অপ্রবেশ্য
(D) প্রবেশ্য, সছিদ্র

**Ans:(C) প্রবেশ্য, অপ্রবেশ্য**

**21.জনসংখ্যা বৃদ্ধির হার-----মহাদেশে সর্বাধিক।**
(A)আফ্রিকা
(B)এশিয়া
(C) দক্ষিণ আমেরিকা
(D)ইউরোপ

**Ans:(A)আফ্রিকা**

**22.ভারতের যে বন্দর মারফত জাপানে লৌহ আকরিক রপ্তানি করা হয় তা হলো-**

(A)বিশাখাপত্তনম
(B)মুম্বাই
(C) ম্যাঙ্গালোর
(D) কোচিন

**Ans:(A)বিশাখাপত্তনম**

**23.জলবিভাজিকা অঞ্চল হলো একটি-**
(A) প্রাকৃতিক অঞ্চল
(B) সাংস্কৃতিক অঞ্চল
(C)ভৌগোলিক অঞ্চল
(D) রাজনৈতিক অঞ্চল

**Ans:(A) প্রাকৃতিক অঞ্চল**

**24.ন্যাশনাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডে গঠিত হয়_____সালে।**
(A)1975
(B)1965
(C) 1980
( D)1966

**Ans:(B)1965**

**25.ভাকরা-নাঙ্গাল পরিকল্পনার সাহায্যে রাজ্যে জলসেচ করা হয়।**
(A)ত্রিপুরা
(B)ওড়িশা
(C)পাঞ্জাব
(D) উত্তর প্রদেশ

**Ans:(C)পাঞ্জাব**

**26.ভবিষ্যৎ জনসংখ্যা বৃদ্ধি নির্ধারণের পদ্ধতিকে বলা হয়-**
(A) জনসংখ্যা গঠন
(B)অর্থনীতি
(C) জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধি
(D)জন অভিক্ষেপ

**Ans:(D)জন অভিক্ষেপ**


**27.2011 সালের আদমশুমারি অনুসারে, নিম্নলিখিত রাজ্যগুলিকে জনঘনত্বের ক্রমহ্রাসমান বিচারে সাজাও :**
(a) কেরালা
(b) পশ্চিমবঙ্গ
(c)বিহার
(d)উত্তর প্রদেশ

(A) c, b, a, d
(B) c, a, b, d

(C) c, b, d, a
(D) c, d, b, a

**Ans:(A) c, b, a, d**

**28.সঠিক বিকল্পটি প্রশ্নসূচক স্থানে বসাও :**




(A) অভ্যন্তরীণ বাণিজ্য
(B) আন্তর্জাতিক বাণিজ্য
(C) পুনঃরপ্তানি বাণিজ্য
(D) আমদানি বাণিজ্য

**Ans:(B) আন্তর্জাতিক বাণিজ্য**

**29.মহীসঞ্চরণ মতবাদের প্রবক্তা হলেন-**
(A) হ্যারি হেস
(B)আলফ্রেড ওয়েগনার
(C) পিঁচো
(D) আলফ্রেড ওয়েবার

**Ans:(B)আলফ্রেড ওয়েগনার**

**30.উন্নয়নশীল দেশে বয়স-লিঙ্গ পিরামিডের আকৃতি হয়-**
(A) সমবাহু ত্রিভুজের মতো
(B)নাসপাতির মতো
(C) ঘণ্টা আকৃতির মতো
(D) পটলের মতো

**Ans:(A) সমবাহু ত্রিভুজের মতো**

**31.যখন দুটি সন্নিহিত হিমবাহের পার্শ্ব-গ্রাবরেখা একত্রিত হয় তখন তা গঠন করে।**

(A) মধ্য গ্রাবরেখা
(B) প্রান্ত গ্রাবরেখা
(C) হিমবাহ গ্রাবরেখা
(D) ভূমি গ্রাবরেখা

**Ans:(A) মধ্য গ্রাবরেখা**

**32.হিমবাহের ক্ষয়কার্যের ফলে সৃষ্ট অ্যাম্ফিথিয়েটার রূপী ভূমিরূপটি জার্মানীতে ______নামে পরিচিত।**

(A)কাম

(B)কার

(C) বন

(D)হেযো

**Ans:(B)কার**


**33.বামস্তম্ভের সাথে ডানস্তম্ভ মিলিয়ে সঠিক বিকল্পটি নির্বাচন করো:**

| বামস্তম্ভ | ডানস্তম্ভ |
|---|---|
| (i)অবিরাম বৃষ্টি | (a)স্ট্র্যাটাস মেঘ |
| (ii)ঝিরিঝিরি বৃষ্টি | (b)নিম্নস্ট্র্যাটাস মেঘ |
| (iii) বজ্রবিদ্যুৎসহ ঝঞ্ঝা | (c)সিরোকিউমুলাস মেঘ |
| (iv)পরিষ্কার আবহাওয়া | (d)কিউমুলোনিম্বাস মেঘ |

(A) (i)-(b), (ii)-(d), (iii)-(c), (iv)-(a)
(B) (i)-(a), (ii)-(b), (iii)-(d), (iv)-(c)
(C) (i)-(a), (ii)-(c), (iii)-(d), (iv)-(b)
(D) (i)-(b), (ii)-(a), (iii)-(d), (iv)-(c)

**Ans:(D) (i)-(b), (ii)-(a), (iii)-(d), (iv)-(c)**

**34.নিম্নে অঙ্কিত চিত্রটির চিহ্নিত অংশের প্রেক্ষিতে সঠিক বিকল্প নির্বাচন করো :**




(A) (i) শীতল বায়ু, (ii) উষ্ণ বায়ু, (iii)শৈলোৎক্ষেপ বৃষ্টি

(B) (i) উষ্ণ বায়ু, (ii) শীতল বায়ু, (iii) পরিচলন বৃষ্টি

(C) (i) শীতল বায়ু, (ii) উষ্ণ বায়ু, (iii)নাতিশীতোষ্ণ-ঘূর্ণবাতজনিত বৃষ্টি

(D) (i) শীতল বায়ু, (ii) উষ্ণ বায়ু, (iii) ক্রান্তীয় ঘূর্ণবাতজনিত বৃষ্টি

**Ans:(C) (i) শীতল বায়ু, (ii) উষ্ণ বায়ু, (iii)নাতিশীতোষ্ণ-ঘূর্ণবাতজনিত বৃষ্টি**

**35.নিম্নলিখিত কোন্ খনিজ সম্পদটি মহীসোপান অঞ্চলের থেকে আহরিত হয় ?**

(A)ফসফেটিক নডিউলস

(B)ফেরোম্যাঙ্গানিজ নডিউলস

(C) মোনাজাইট
(D) ম্যাসিভ সালফাইড

**Ans:(A)ফসফেটিক নডিউলস**